



কর্মসংস্থান ব্যাংক

(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

বেকার যুবদের বিশ্বস্ত বন্ধু

কর্মী ব্যবস্থাপনা, প্রশিক্ষণ ও মানবসম্পদ বিভাগ

Email- pmthrd@kb.gov.bd

সূত্র নং- কেবি/প্রকা/কব্যপ্রমাসবি-০৬(০২)/২০১৮-২০১৯/ ১৬৬

তারিখ: ১৫.০৭.২০১৮

সকল উপ-মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়/
আঞ্চলিক ব্যবস্থাপক/
শাখা ব্যবস্থাপক
কর্মসংস্থান ব্যাংক।

**বিষয় : বদলির আদেশ জারির তারিখের পর বদলি, ঋণ মঞ্জুর ও বিতরণ
বিষয়ে কতিপয় নির্দেশনা।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, বদলির আদেশ জারির তারিখের পর কোনো কোনো আঞ্চলিক ব্যবস্থাপক এবং বিভাগীয় প্রধানগণ তার আওতাধীন আঞ্চল/বিভাগের অধীনস্থ কর্মকর্তা/কর্মচারীদের তড়িঘড়ি বদলি/পদায়ন করছেন, যা আদৌ কাম্য নহে। এছাড়াও বদলির আদেশ জারির তারিখের পর শাখা ব্যবস্থাপক, আঞ্চলিক ব্যবস্থাপক এবং বিভাগীয় প্রধানগণ কর্তৃক ঋণ মঞ্জুর ও বিতরণ করা হলে তা অনেকাংশেই সঠিক যাচাই-বাছাই হয় না। ফলে, ঋণ আদায় অনিশ্চিত ও ঝুঁকিপূর্ণ হয়ে পড়ে।

০৩। উল্লেখ্য, ঋণ ও অগ্রিম বিভাগের ১৪ জুন, ২০১৭ তারিখের সাকুলার লেটার নম্বর : কেবি/প্রকা/ঋঅবি-০২(০১)(অংশ-০৩)/২০১৬-২০১৭/১১০৫ মূলে বদলির আদেশ প্রাপ্তির পর শাখা ব্যবস্থাপক, আঞ্চলিক ব্যবস্থাপক এবং বিভাগীয় প্রধান কর্তৃক ঋণ মঞ্জুর ও বিতরণের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হয়েছিল :

ক) শাখা ব্যবস্থাপক বদলির আদেশ প্রাপ্তির পর ছাড়পত্র গ্রহণের পূর্ব দিন পর্যন্ত ব্যবসায়িক ক্ষমতার মধ্যে ঋণ মঞ্জুর ও বিতরণ করতে পারবেন;

খ) আঞ্চলিক ব্যবস্থাপক এবং বিভাগীয় প্রধান বদলির আদেশ প্রাপ্তির পর ছাড়পত্র গ্রহণের পূর্ব দিন পর্যন্ত ব্যবসায়িক ক্ষমতার মধ্যে ঋণ মঞ্জুর করতে পারবেন।

০৪। এমতাবস্থায়, উপরোক্ত নির্দেশনা বাতিলপূর্বক শাখা ব্যবস্থাপক, আঞ্চলিক ব্যবস্থাপক এবং বিভাগীয় প্রধানগণ-কে বদলির আদেশ জারির তারিখ হতে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণের পরামর্শ দেয়া হলো :


(ক) আঞ্চলিক ব্যবস্থাপক এবং বিভাগীয় প্রধানগণ বদলির আদেশ জারির তারিখ হতে তার আওতাধীন আঞ্চল/বিভাগের অধীনস্থ কর্মকর্তা/কর্মচারীদের বদলি করতে পারবেন না;

(খ) বদলির আদেশ জারির তারিখের পর শাখা ব্যবস্থাপক, আঞ্চলিক ব্যবস্থাপক এবং বিভাগীয় প্রধানগণ কর্তৃক কোনো ঋণ মঞ্জুর করা যাবে না। তবে পূর্বে মঞ্জুরীকৃত ঋণ বিতরণ করতে পারবেন। জরুরী প্রয়োজনে সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারীর অনুমোদনক্রমে ঋণ মঞ্জুর করতে পারবেন।

০৫। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত


(মাহবুবুর রহমান)
উপ-মহাব্যবস্থাপক

সূত্র নং- কেবি/প্রকা/কব্যপ্রমাসবি-০৬(০২)/২০১৮-২০১৯/ ১৬৬(১৮)

তারিখ: ১৫.০৭.২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি :

১. স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয় এর সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;
২. স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয় এর দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;
৩. স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয় এর দপ্তর, প্রশাসন/পরিচালন/নিরীক্ষা/হিসাব মহাবিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;
৪. সকল উপ-মহাব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (উপ-মহাব্যবস্থাপক, আইটি বিভাগ-কে পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো);
৫. সকল সহকারী মহাব্যবস্থাপক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, কর্মসংস্থান ব্যাংক ;
৬. বোর্ড সচিব, পর্যদ সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;
৭. অফিস নথি।


(কাজী মোঃ হাবিবুর রহমান)
সহকারী মহাব্যবস্থাপক